

2009 H1N1 (এইচ১এন১) ইনফ্লুয়েঞ্জা

নিষ্ক্রিয় করা
("ফ্লু শট")

টিকা

আপনার যা জানা প্রয়োজন

টিকা সম্পর্কিত অনেক তথ্যপত্র স্প্যানিশ ও অন্যান্য ভাষায় পাওয়া যায়। দেখুন www.immunize.org/vis।

1 2009 H1N1 (এইচ১এন১) ইনফ্লুয়েঞ্জা কী?

2009 H1N1 (এইচ১এন১) ইনফ্লুয়েঞ্জা (একে সোয়াইন ফ্লু ও বলা হয়) একটি নতুন ধরনের ইনফ্লুয়েঞ্জা ভাইরাস দ্বারা হয়ে থাকে। এটি অনেক দেশে ছড়িয়ে পড়েছে।

অন্যান্য ফ্লু ভাইরাসের মতো, 2009 H1N1 (এইচ১এন১) কাশি, হাঁচি, এবং কখনো কখনো ভাইরাস দ্বারা দূষিত জিনিসপত্র স্পর্শ করার মাধ্যমে এক ব্যক্তি থেকে অন্য ব্যক্তিতে ছড়িয়ে থাকে।

2009 H1N1 (এইচ১এন১)-এর লক্ষণগুলোর মধ্যে রয়েছে:

- অবসন্নতা
- জ্বর
- গলা ব্যথা
- মাংসপেশিতে ব্যথা
- কাঁপুনি
- কাশি
- হাঁচি

কিছু কিছু ব্যক্তির ডায়রিয়া ও বমিও হয়ে থাকে।

অধিকাংশ মানুষ এক সপ্তাহের মধ্যেই ভালো বোধ করে। কিন্তু কিছু কিছু ব্যক্তি নিউমোনিয়া বা অন্যান্য গুরুতর অসুস্থতায় আক্রান্ত হয়ে থাকে। কিছু ব্যক্তিকে হাসপাতালে ভর্তি করতে হয় এবং কেউ কেউ মারা যায়।

2 2009 H1N1 (এইচ১এন১) সাধারণ (মৌসুমি) ফ্লু থেকে কোন দৈর্ঘ্যে ভিন্ন?

মৌসুমি ফ্লু'র ভাইরাস প্রতি বছর পরিবর্তিত হয়, কিন্তু সেগুলোর মধ্যে বেশ মিল রয়েছে।

যে সব ব্যক্তি আগে ফ্লু'তে আক্রান্ত হয়েছিলেন তাদের দেহে মৌসুমি ফ্লু'র ভাইরাসের বিরুদ্ধে কিছুটা প্রতিরোধ ব্যবস্থা থাকে (তাদের দেহ ভাইরাসের বিরুদ্ধে লড়াই করার কিছুটা সক্ষমতা অর্জন করে থাকে)।

2009 H1N1 (এইচ১এন১) ভাইরাস একটি নতুন জাতের ভাইরাস। এটি মৌসুমি ফ্লু'র ভাইরাস থেকে একেবারেই ভিন্ন।

অধিকাংশ মানুষের দেহে 2009 H1N1 (এইচ১এন১) ভাইরাসের বিরুদ্ধে কোনো প্রতিরোধ ব্যবস্থা নেই অথবা খুব সামান্যই আছে (তাদের দেহ ভাইরাসের বিরুদ্ধে লড়াই করার জন্য প্রস্তুত নয়)।

3 2009 H1N1 (এইচ১এন১) ইনফ্লুয়েঞ্জা টিকা

2009 H1N1 (এইচ১এন১) ইনফ্লুয়েঞ্জার বিরুদ্ধে সুরক্ষার জন্য টিকা পাওয়া যায়।

- এই টিকাগুলো ঠিক মৌসুমি ফ্লু'র টিকার মত করেই তৈরি করা হয়েছে।
- এগুলো মৌসুমি ফ্লু'র টিকার মতই নিরাপদ ও কার্যকর হবে বলে আশা করা হচ্ছে।
- এগুলো অন্যান্য ভাইরাস দ্বারা সৃষ্ট "ইনফ্লুয়েঞ্জার-মতো" অসুস্থতা প্রতিরোধ করবে না।
- এগুলো মৌসুমি ফ্লু প্রতিরোধ করবে না। আপনি মৌসুমি ফ্লু'র বিরুদ্ধে সুরক্ষা পেতে চাইলে আপনাকে মৌসুমি ইনফ্লুয়েঞ্জার টিকাও নিতে হবে।

নিষ্ক্রিয় টিকা (যে টিকার মধ্যে মৃত ভাইরাস আছে) পেশির মধ্যে ইনজেকশনের মাধ্যমে দেওয়া হয়, বার্ষিক ফ্লু শট-এর মতো করে। এই তথ্যপত্রটি নিষ্ক্রিয় টিকা সম্পর্কে বর্ণনা করে।

এছাড়াও একটি জীবন্ত, নাকের মধ্যে প্রদত্ত টিকা (নাকে স্প্রে'র মাধ্যমে দেওয়া টিকা) পাওয়া যায়। একটি পৃথক তথ্যপত্রে এটি বর্ণনা করা হয়েছে।

টিকাকে জীবাণুমুক্ত রাখার জন্য কিছু নিষ্ক্রিয় করা 2009 H1N1 (এইচ১এন১) টিকায় থাইমেরোসাল নামক একটি সংরক্ষকদ্রব্য বা প্রিজারভেটিভ থাকে। কিছু ব্যক্তি জানিয়েছেন যে থাইমেরোসাল শিশুদের বৃষ্টিগত সমস্যা (অটিজম)-এর সাথে জড়িত থাকতে পারে। 2004 সালে ইন্সটিটিউট অব মেডিসিনের একদল বিশেষজ্ঞ এই তত্ত্বের ওপর কাজ করা অনেকগুলো গবেষণা পর্যালোচনা করেছেন, এবং থাইমেরোসাল ও অটিজমের মধ্যে কোনো সম্পর্ক খুঁজে পাননি। তারপরে আরো কিছু গবেষণা একই উপসংহারে পৌঁছেছে।

4 2009 H1N1 (এইচ১এন১) ইনফ্লুয়েঞ্জা টিকা কাদের নেওয়া উচিত এবং কখন?

কাদের নেওয়া উচিত

যে দলগুলোকে 2009 H1N1 (এইচ১এন১) টিকা প্রথমে নেওয়ার জন্য সুপারিশ করা হয়েছে তারা হচ্ছে:

- গর্ভবতী নারী
- যারা 6 মাসের কম বয়সী শিশুদের সাথে বসবাস করেন বা তাদের যত্ন নেন
- স্বাস্থ্য সেবা বা জরুরি চিকিৎসার সাথে জড়িত ব্যক্তিবর্গ
- 6 মাস থেকে 24 বছর বয়সী যে কেউ
- 25 থেকে 64 বছর বয়সী যে কেউ, যাদের কিছু নির্দিষ্ট দীর্ঘ-মেয়াদি স্বাস্থ্য সমস্যা আছে অথবা যাদের রোগ প্রতিরোধ ক্ষমতা দুর্বল

আরো টিকা পাওয়া গেলে, নিচে উল্লিখিত দলের ব্যক্তিদেরও টিকা নেওয়া উচিত হবে:

- 25 থেকে 64 বছর বয়সী সুস্থ ব্যক্তির
- 65 বছর বা তারচেয়ে বেশি বয়সী ব্যক্তির

ফেডারেল সরকার বেছোয় গ্রহণের জন্য এই টিকা প্রদান করছে। তবে, স্টেটের আইন বা নিয়োগকর্তারা কিছু ব্যক্তির জন্য টিকা গ্রহণ বাধ্যতামূলক করতে পারে।

কখন নেওয়া উচিত

কখন নেওয়া উচিত

9 বছর বয়স পর্যন্ত শিশুরা দুই ডোজ টিকা নেওয়া উচিত, প্রায় এক মাসের ব্যবধানে। বেশি বয়সী শিশু ও বয়স্কদের শুধু এক ডোজ নেওয়া দরকার।

